

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক ও অধ্যাপকের কার্যালয়

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

নং-জাঃঅর্থোঃ হাস/(পিটি ডিগ্রী কোস) ৯৩-১৩৩/৩০৪১

তারিখ: ০১/০৩/২০২৫ইং

সংশোধিত ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের অধীনে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), শেরে বাংলা নগর ঢাকায় ২০২৪-২৫ ইং শিক্ষাবর্ষে ৪ (চার) বছর একাডেমিক এবং ১বছর বাধ্যতামূলক ইন্টার্নশীপ সহ সর্বমোট ৫ (পাঁচ) বছর মেয়াদী বি.এসসি ইন ফিজিওথেরাপি কোর্সের প্রথম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে। অনলাইন আবেদন <http://nitorbd.bigsoft.com> এর মাধ্যমে করতে হইবে।

আবেদন করার নিয়মাবলী

অনলাইন আবেদন <http://nitorbd.bigsoft.com> এর মাধ্যমে করতে হইবে। আবেদনের পূর্বে আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা "COURSE CO ORDINATOR PHYSIOTHERAPY" চলতি হিসাব নং "০২০০০০১৭৬৭২৭৪, অর্থনী ব্যাংক পিএলসি, শ্যামলী শাখা, ঢাকা" এর অনুকূলে বাংলাদেশের অর্থনী ব্যাংকের যে কোন অনলাইন শাখায় জমা দিয়ে জমা রশিদ সংগ্রহ করিতে হইবে। অনলাইনে আবেদনের জন্য আবেদনকারীর ছবি ও স্বাক্ষর (সর্বোচ্চ 300kb, JPG), এবং ব্যাংক জমা রশিদের স্ক্যান কপি (সর্বোচ্চ 400kb, JPG), প্রয়োজন হইবে। জমা রশিদের উভয় অংশে প্রার্থীর নাম ও আবেদনে উল্লেখিত মোবাইল নাম্বার উল্লেখ করিতে হইবে। অনলাইনে আবেদনের বিস্তারিত নির্দেশনা ওয়েবসাইটে দেখে যথাযথ ভাবে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে।

সংশোধিত সময়সীমা

আবেদনের শেষ সময়ঃ ১৬/০৩/২০২৫ ইং (রাত ১২টা) পর্যন্ত।

প্রবেশপত্র সংগ্রহঃ ২৪/০৪/২০২৫ ইং হইতে ০১/০৫/২০২৫ ইং (রাত ১২টা) পর্যন্ত, <http://nitorbd.bigsoft.com> হইতে ডাউনলোড করা যাইবে। ভর্তি পরীক্ষাঃ ০২/০৫/২০২৫ ইং (শুক্রবার) সকাল ১০ ঘটিকায়। সময়কাল ১ ঘন্টা। স্থানঃ বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমী (সাবেক আগারগাঁও তালতলা সরকারী কলোনী স্কুল এন্ড মহিলা কলেজ) ও আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়, ঢাকা। ডাউনলোড করা প্রবেশপত্র রঙ্গিন প্রিন্ট কপি সহ ভর্তি পরীক্ষার দিন উপস্থিত হইতে হবে।

প্রয়োজনে যোগাযোগঃ ০১৭১১-৩৪৫৮৬৯, ইমেইলঃ nitor.nazrul@gmail.com

(অধ্যাপক ডাঃ মোঃ আবুল কেনান)

পরিচালক ও অধ্যাপক

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭